

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : সারমীন ইয়াছমীন
উপজেলা নির্বাহী অফিসার
আলফাডাঙ্গা, ফরিদপুর

তারিখ ও সময় : ২৫-০৩-২০২৪ খ্রি., সকাল ১০:৩০ ঘটিকা

স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।

অদ্য সকাল ১০.৩০ ঘটিকার সময় উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি কর্মকর্তা সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

আলোচ্য সূচি-১ : কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির ১৮/০৩/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুর এর ১৮/০৩/২০২৪ খ্রি.তারিখের ১২.১৭.২৯০০.০৪১.৩৮.২৮৭.২১/২৩৫(৩২) নং স্মারকের নির্দেশনা মোতাবেক ২০২৩-২৪ অর্থবছরে খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে উফশী আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার সহায়তা কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নোক্ত কর্মসূচি পাওয়া গেছে।

কর্মসূচির বিবরণঃ

ক্রঃ নং	ফসলের নাম	কৃষক সংখ্যা (জন)	বীজের পরিমাণ (কেজি)	সারের পরিমাণ (কেজি)		বীজের মূল্য (টাকা)	সারের মূল্য(টাকা)		উপকরণ পরিবহন বাবদ (টাকা)	অন্যান্য আনুষঙ্গিক (টাকা)	মোট টাকা
				ডিএপি	এমওপি		ডিএপি	এমওপি			
১.	আউশ	৩০০	১৫০০	৩০০০	৩০০০	৭৫০০০	৫৭০০০	৫৪০০০	১১২৫০	৭৫০০	২০৪৭৫০

উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য ইউনিয়ন ভিত্তিক বিভাজন দেয়া এবং সে মোতাবেক ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের নামের অগ্রাধিকার তালিকা পৌরসভা ও ইউনিয়ন ভিত্তিক সংশ্লিষ্ট উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের নিকট হতে চাওয়া যেতে পারে।

সিদ্ধান্ত-১ : উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনাতে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় বরাদ্দ প্রাপ্ত কৃষকের সংখ্যা পৌরসভা/ইউনিয়নভিত্তিক বিগত বছরের আবাদের ভিত্তিতে নিম্নোক্তহারে বিভাজন করা হয় এবং ফসল অনুযায়ী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের নামের অগ্রাধিকার তালিকা আগামী ২৮/০৩/২০২৪ খ্রি. তারিখের মধ্যে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে জমা দানের জন্য সংশ্লিষ্ট উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। একই সাথে ইউনিয়ন ট্যাগ অফিসারগণ সংশ্লিষ্ট ইউনিয়নের তদারকি কর্মকর্তার দায়িত্ব পালন করবেন মর্মে এই সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। স্ব-স্ব ইউনিয়নের উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে যথাসম্ভব দ্রুত আউশ আবাদ করতে অগ্রহী এবং উপযোগী জমি আছে এমন কৃষকের তালিকা প্রস্তুত ও অনুমোদন করে তালিকা প্রনয়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রমিক নং	পৌরসভা/ ইউনিয়নের নাম	ফসলের নাম ও কৃষক সংখ্যা		মন্তব্য
		আউশ	কৃষক সংখ্যা	
১.	পৌরসভা	২০		কৃষক প্রতি বরাদ্দ:(১ বিঘা জমির জন্য) বীজ =৫ কেজি ডিএপি=১০ কেজি এমওপি=১০ কেজি
২.	বুড়াইচ	৬০		
৩.	গোপালপুর	৪০		
৪.	আলফাডাঙ্গা	৪০		
৫.	টগরবন্দ	৪০		
৬.	বানা	৬০		
৭.	পাঁচুড়িয়া	৪০		
	মোট	৩০০		

সরকারের এই কৃষি প্রণোদনা কার্যক্রম নীতিমালা অনুসারে সফলভাবে বাস্তবায়নের জন্য উপস্থিত সকল সদস্যদের সহযোগিতা কামনা করে সভার সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(স্বাক্ষর)
২৫/০৩/২৪

(সারমীন ইয়াছমীন)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
আলফাডাঙ্গা, ফরিদপুর।

২য় পৃষ্ঠা দ্রষ্টব্য